# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ।

Web Site:www.gopalgonjpourashava.org

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-গোপৌ:/প্রবি:/

তারিখঃ

প্রাপকঃ-----------------------------------

-----------------------------------

-----------------------------------

ও সদস্য, বিবাদ মিমাংসা কমিটি
গোপালগঞ্জ পৌরসভা।

বিষয় ঃ বিবাদ মিমাংসা কমিটির (GRC ) সভায় আংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে আগামী ১৬/০৩/২০২০ইং তারিখ বেলা ১০:০০ ঘটিকায় পৌরসভা সাভাকক্ষে বিবাদ মিমাংসা কমিটির (GRC) সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোহাম্মাদ নাজমুল হাসান
আহব্বায়ক
জি,আর,সি কমিটি
গোপালগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
বিবাদ মিমাংসা কমিটি।



☎ অফিসঃ ০২৬৬৮৫৫২৩; ০২৬৬৮১১৯০; বাসা ঃ ০২৬৬৮৫৩২৫

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ

**UGIIP-III এর আওতাভুক্ত G.R.C সভার কার্য বিবরণী:-**

সভা অনুষ্ঠানের তারিখ ঃ- ১৬/০৩/২০২০ইং
সময় ঃ- ১০:০০ ঘটিকা
সভার স্থান ঃ- পৌরসভার সভাকক্ষ
সভার সভাপতি ঃ- জনাব, মোহাম্মাদ নাজমুল হাসান।
সভার উপস্থিতি ঃ-

| ক্রমিক নং | নাম | পদবি /ঠিকানা | সদস্যপদ | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মাদ নাজমুল হাসান | পানেল মেয়র - ০১ গোপালগঞ্জ পৌরসভা | আহব্বায়ক | [illegible] |
| ০২ | [illegible] | [illegible] | সদস্য | [illegible] |
| ০৩ | মো:জুলফিকার আলী মোল্লা | বস্তি উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | সেফগার্ড ফোকাল পারসন | [illegible] |
| ০৪ | স্যামুয়েল এস বালা | Y,M,C,A গোপালগঞ্জ পৌরসভা | সম্মানিত সদস্য | |
| ০৫ | | | বিশেষ ভাবে আমন্ত্রিত ব্যক্তি | |

# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ

### UGIIP-III এর আওতাভুক্ত G.R.C সভার কার্য বিবরণীঃ-

**বিষয় ঃ- ১৬/০৩/২০২০ইং তারিখের G.R.C কমিটির সভার কার্যবিবরণীঃ-**

| | |
|---|---|
| সভা অনুষ্ঠানের তারিখ | ঃ ১৬/০৩/২০২০ইং |
| সময় | ঃ সকাল ১০:০০ ঘটিকায় |
| সভার স্থান | ঃ পৌরসভার সভাকক্ষ |
| সভার সভাপতি | ঃ জনাব, মোহাম্মাদ নাজমুল হাসান। |

আলোচ্য বিষয় ঃ-

১. বিগত সভার কার্যবিরণী পাঠ ও অনুমোদন।
২. বিভিন্ন অভিযোগ নিয়ে আলোচনা।
৩. মৌলভীপাড়ায় রাস্তার পাশে নির্মান সামগ্রী রাখায় যানবাহন চলাচলে অসুবিধা প্রসঙ্গে।
৪. থানাপাড়া এলাকার একটি ড্রেন পরিস্কার না থাকার কারনে জলাবদ্ধতা সৃষ্টি প্রসঙ্গে।
৫. মান্দারতলায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গে।
৬. পূর্ব-মিয়াপাড়া এলাকায় সাপ্লাই পানির স্বল্পতা প্রসঙ্গে।
৭. মান্দারতলায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গে।
৮. বিবিধঃ

আলোচনা ও সিদ্ধান্ত : ০১ নং আলোচ্যসূচি অনুযায়ী সভার শুরুতে অত্র সভার সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সেফগার্ড ফোকাল পার্সনকে সভার কাজ শুরু করার অনুরোধ জানান । এর পর সেফ গার্ড ফোকাল পার্সন বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উপস্থিত সকলকে বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী থাকলে তা বলার অনুরোধ জানান। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২নং আলোচ্যসূচি অনুযায়ী অত্র সভার সভাপতি সাহেব সেফগার্ড ফোকাল পারসনকে আলোচ্যসুচি অনুযায়ি অভিযোগ সংক্রান্ত বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। এর পর সেফ গার্ড ফোকাল পার্সন সভাকে অভিহিত করেন যে, অত্র পৌরসভার বিভিন্ন এলাকা থেকে চলতি মাসে মোট ০৫টি অভিযোগ পাওয়া যায়, এর মধ্য ০৫টি অভিযোগ আমলে নেওয়া হয়। যাহা বিস্তারিত ভাবে আলোচনান্তে ০৫টি অভিযোগ তাৎক্ষনিকভাবে নিরসন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৩নং আলোচ্যসূচী ঃ মৌলভীপাড়া এলাকায় রাস্তার পাশে নির্মান সামগ্রী রাখায় যানবাহন চলাচলে অসুবিধা প্রসঙ্গেঃ G.R.C কমিটির সেফ গার্ড ফোকাল পার্সন সভাকে অভিহিত করেন যে, গোপালগঞ্জ পৌর এলাকার মৌলভীপাড়া এলাকায় রাস্তার পাশে নির্মান সামগ্রী রাখার কারনে রাস্তায় যানজট এর সৃষ্টি হচ্ছে। রাস্তার পাশ দিয়ে পথচারীদের চলাচলের অসুভিধা হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে মৌলভীপাড়ার রাস্তার পাশের নির্মান সামগ্রী অপসরন করার সিদ্ধান্ত সর্বস্মতিক্রমে গৃহীত হয়।

৪নং আলোচ্যসূচী ঃ থানাপাড়া এলাকার একটি ড্রেন পরিস্কার না থাকার কারনে জলাবদ্ধতা সৃষ্টি প্রসঙ্গেঃ গোপালগঞ্জ পৌর এলাকার থানাপাড়া এলাকার একটি ড্রেন অপরিস্কার থাকার কারনে এলাকায় জলাবদ্ধাতা সৃষ্টি হচ্ছে। যার ফলে এলাকাবাসীদের আনেক সমস্যা হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে থানাপাড়া এলাকার ড্রেনটি পরিস্কার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৫নং আলোচ্যসূচী ঃ মান্দারতলায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গেঃ গোপালগঞ্জ পৌর এলাকার মান্দারতলা এলাকার একটি সড়ক বাতি নষ্ট হয়ে যাওয়ার কারনে এলাকার লোকজনদের আনেক ধরনের সমস্যা দেখা দিয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে মান্দারতলা এলাকার সড়ক বাতিটি দ্রুত মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৬নং আলোচ্যসূচীঃ পূর্ব-মিয়াপাড়া এলাকায় সাপ্লাই পানির স্বল্পতা প্রসঙ্গেঃ গোপালগঞ্জ পৌর এলাকার পূর্ব-মিয়াপাড়া এলাকায় সাপ্লাই পানি স্বল্পতা দেখা দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। পূর্ব-মিয়াপাড়া এলাকায় সাপ্লাই পানি কম পরিমান যাওয়ার ফলে এলাকার মানুষের দূর্ভোগ পোহাতে হচ্ছে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে অত্র এলাকায় পানির লাইনটি মেরামতের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৭নং আলোচ্যসূচীঃ মান্দারতলায় সড়ক বাতি মেরামত করা প্রসঙ্গেঃ গোপালগঞ্জ পৌর এলাকার মান্দারতলা এলাকার একটি সড়ক বাতি নষ্ট হয়ে যাওয়ার কারনে এলাকার লোকজনদের আনেক ধরনের সমস্যা দেখা দিয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে মান্দারতলা এলাকার সড়ক বাতিটি দ্রুত মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৮নং আলোচ্যসূচি বিধি অনুযায়ি আর কোন আলোচনা না থাকায় অত্র সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মাদ নাজমুল হাসান
প্যানেল মেয়র-০১
গোপালগঞ্জ পৌরসভা ও
আহ্বায়ক, জি,আর,সি UGIIP-III
গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ